PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : BNG–103 (C)

(সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান : ৭৫

উত্তীর্ণমান : ৩০

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। অ্যারিস্টটল কোন্ দেশের নাগরিক ছিলেন? অ্যারিস্টটলের গুরুর নাম কী? বৃত্ত ও চরিত্রের মধ্যে অ্যারিস্টটল কোনটিকে বেশি গুরুত্ব দিয়েছেন এবং কেন? ২+২+১১=১৫

২। অ্যারিস্টটল প্রথম জীবনে কোন্ গ্রীক মহাবীরের শিক্ষক ছিলেন? অ্যারিস্টটলের মৃত্যুসাল উল্লেখ করো। মহাকাব্যের তুলনায় ট্র্যাজেডিকে অ্যারিস্টটল কেন শ্রেষ্ঠ বলেছেন, আলোচনা করো। ২+২+১১=১৫

খ—গুচ্ছ

৩। কাব্যের আত্মা কী? 'রসধ্বনি' কথাটি প্রথম কে উল্লেখ করেন? রসধ্বনি সম্পর্কে অভিনব গুপ্ত ও লোচনের মতামত সুপরিস্ফুট করো। ২+২+১১=১৫

৪। বক্রোক্তিবাদের প্রবক্তা কে? 'বক্রোক্তি জীবিতম্' গ্রন্থটি কোন্ সময়ে রচিত? বক্রোক্তিবাদ সম্পর্কে আলংকারিকদের মতামত উপস্থাপিত করো। ২+২+১১=১৫

গ—গুচ্ছ

৫। 'সাহিত্যের পথে' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? সৃষ্টিকর্তাকে আমাদের শাস্ত্রে কী বলা হয়? 'আনন্দ' সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত নিজের ভাষায় স্পষ্ট করো। ২+২+১১=১৫

৬। 'সাহিত্য' প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে? উপনিষদে ব্রহ্মস্বরূপকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? 'সাহিত্যের পথে' গ্রন্থে রবীন্দ্রনাথ 'প্রকাশ' সম্পর্কে যে মতামত ব্যক্ত করেছেন তা বুঝিয়ে দাও। ২+২+১১=১৫

ঘ—গুচ্ছ

৭। জার্মানিতে রোমান্টিসিজমের ধারণা প্রথম কবে গৃহীত হয়েছিল? 'লিরিক্যাল ব্যালাড্স্'-এর কবিদ্বয় কে কে? বিহারীলাল চক্রবর্তীর কবিতায় রোমান্টিসিজম কীভাবে প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও। ২+২+১১=১৫

৮। ''আধুনিকতা সময় নিয়ে নয়, মর্জি নিয়ে।'' বক্তা কে? বঙ্কিমচন্দ্রের মতানুযায়ী প্রথম আধুনিক বাঙালি কবি কে? 'অবক্ষয়ী আধুনিকতা' বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করো। ২+২+১১=১৫

ঙ—গুচ্ছ

৯। ''গৃহিণী সচিবঃ সখী মিথঃ প্রিয়শিষ্যা ললিত কলাবিধৌঃ।'' কে বলেছিলেন? 'নারীচেতনা ঃ মননে ও সাহিত্যে' গ্রন্থটির লেখক কে? নারীচেতনাবাদী ধারণায় ভার্জিনিয়া উল্‌ফ ও সিমোন দ্য বোভোয়ার মতামত উপস্থাপিত করো। ২+২+১১=১৫

১০। বাস্তববাদ বলতে কী বোঝ? বাস্তববাদের আলোকে যে কোনো একটি বাংলা উপন্যাস বিশ্লেষণ করো। ৪+১১=১৫

★★★